



বিয়ের প্রতিশ্রুতিতে তরুণীকে আটকে রাখার অভিযোগে গ্রেপ্তার নোবেল



নোবেল। সংগৃহীত: ছবি

বিয়ের আশ্বাস দিয়ে এক তরুণীকে বাসায় আটকে রাখার অভিযোগে গায়ক মাইনুল আহসান নোবেল-কে গ্রেপ্তার করেছে পুলিশ।

সোমবার (২৩ ফেব্রুয়ারি) সিদ্ধিরগঞ্জ থানার বটতলা এলাকা থেকে তাকে আটক করা হয়। অভিযোগ রয়েছে, বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ওই তরুণীকে একটি বাসায় আটকে রেখে প্রতারণা করা হয়েছে।

এর আগেও বিভিন্ন সময় নারীসংক্রান্ত অভিযোগে আইনশৃঙ্খলা বাহিনীর হাতে ধরা পড়েছেন এই শিল্পী। গত বছর এক নারী নির্যাতন মামলায় তাকে গ্রেপ্তার করা হয়েছিল।

শুধু ব্যক্তিগত সম্পর্ক নয়, পেশাগত ক্ষেত্রেও প্রতারণার অভিযোগ উঠেছিল তার বিরুদ্ধে। নির্ধারিত অনুষ্ঠানে অংশ না নেওয়ার ঘটনায় ২০২৩ সালে তাকে আটক করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)।

এদিকে ২০২৫ সালের ২০ মে এক নারীকে দীর্ঘ সময় একটি বাসায় আটকে রেখে ধর্ষণ ও নির্যাতনের অভিযোগও সামনে আসে। ওই ঘটনায় জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯-এ ফোন পেয়ে পুলিশ অভিযান চালিয়ে ভুক্তভোগীকে উদ্ধার করে।